প্রথম আলো

তারিখ ..14 SEP 2015...
পৃষ্ঠা ..৪... কলাম ...৬....

# ছাত্র ইউনিয়নের তিন দিনব্যাপী সম্মেলন শুরু

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

'রুখো সাম্রাজ্যবাদ-মৌলবাদ-শিক্ষাবাণিজ্য-ধ্বংসপ্রলয়/চেতনার আকালে আবাদ কর নতুন সূর্যোদয়' স্লোগান সামনে রেখে শুরু হয়েছে ছাত্র ইউনিয়নের তিন দিনব্যাপী ৩৭তম জাতীয় সম্মেলন।

গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলায় পায়রা উড়িয়ে ছাত্র ইউনিয়নের সম্মেলন উদ্বোধন করেন বিজ্ঞান লেখক দ্বিজেন শর্মা। তিনি বলেন, 'ছাত্রদের একমাত্র কাজ পড়ালেখা করা। জ্ঞানী হওয়া। তোমরা জ্ঞানী হও। কারণ এখন বিশ্বের যে অবস্থা, সেখানে নতুন ব্যবস্থা নিয়ে ভাবতে হবে। সমস্যার সমাধান খুঁজতে হবে।'

দ্বিজেন শর্মা বেসরকারি বিশ্ববিদ্যালয়ে সাড়ে ৭ শতাংশ ভ্যাট আরোপকে 'অযৌক্তিক' বলে উল্লেখ করেন। তিনি বলেন, ছাত্র ইউনিয়নকে নব্বইয়ের সেই লড়াকু শক্তি হিসেবে আবির্ভূত হতে হবে। শিক্ষার অধিকার আদায় ও সমাজ প্রগতির সংগ্রামে ছাত্র ইউনিয়নকে তার ইতিহাস অর্পিত দায়িত্ব পালন করতে হবে।

সম্মেলনে দেশের বিভিন্ন স্থান থেকে আসা নেতা-কর্মীরা অংশ নেন। সভাপতির বক্তব্যে ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সভাপতি হাসান তারেক বলেন, সরকার শিক্ষাকে পণ্যে পরিণত করেছে, ভ্যাট আরোপ করেছে।

অনুষ্ঠান সঞ্চালনা করেন ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক লাকী আক্তার। এ সময় সিপিবির সৈয়দ আবু জাফর আহমেদ, অর্থনীতিবিদ এম এম আকাশ, কৃষক সমিতির সাজ্জাদ জহির, যুব ইউনিয়নের হাসান হাফিজুর রহমান, ছাত্রলীগের সাইফুর রহমান ও এস এম জাকির হোসাইন, ছাত্র ফ্রন্টের জনার্দন দত্ত, ছাত্র ফেডারেশনের সৈকত মল্লিক, জাসদ ছাত্রলীগের শামসুল আলম প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে একটি শোভাযাত্রা বের করা হয়। শাহবাগ, মৎস্য ভবন হয়ে হাইকোর্টের সামনে দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে গিয়ে শোভাযাত্রাটি শেষ হয়।